

CLASS - III

ক্লেস স্টাডি

নীচের অনুচ্ছেদটি পড়ে সঠিক উত্তরটি বেছে নিয়ে লেখো :-

নতুন বাড়িটা জ্যেষ্ঠামশাই ও পিসিমার বাড়ির কাছেই ছিল, সুতরাং খেলার সাথীর অভাব হল না। জ্যেষ্ঠতুতো, খুড়তুতো, পিসতুতো ভাইবোনদের দল জুটে গেল। ছাতের এক কোণে ঘোলা জলের ট্যাঙ্কের থেকে গঙ্গামাটি তুলে জমা করেছিল, তাই দিয়ে গোলা-গুলি বানিয়ে ভীষণ যুদ্ধ শুরু হল। সে যুদ্ধের নাম দেওয়া হয়েছিল পটগুলটিশ ওয়্যার। নরম কাদার গুলিতে খেলা বেশ ভালোই চলছিল। হঠাতে কী কুবুদ্ধি হলো গুলি গুলোকে বেশ লাল করে পুড়িয়ে নিলাম। দুপুরবেলায় যখন চাকরবাকররা বিশ্রাম করতে যেত, তখন চুপিচুপি রান্নাঘরে ঢুকে আমরা উনুনের মধ্যে গুলি গুঁজে দিয়ে আসতাম; ওরা উনুন ঝাড়বার সময় সেগুলি বেছে ধুয়ে আমাদের দিয়ে দিত। জ্যেষ্ঠামশাইকে ও বাড়ির ছেলেরা ভীষণ ভয় করত। শুনতাম তিনি মন্ত বড়ো খেলোয়ার, গায়ে খুব জোর, আর রাগও খুব। আমরা কিন্তু কোনোদিন তাঁর রাগ দেখিনি।

১। জ্যেষ্ঠামশাই হলেন – i) বাবার ভাই ii) বাবার দাদা iii) বাবার পিসেমশাই।

২। দুপুরবেলা বলতে বুঝি – i) দিনের মধ্যভাগ ii) দিনের প্রথমভাগ iii) দিনের শেষভাগ।

৩। পিসতুতো ভাইবোন বলতে – i) কাকার ছেলেমেয়ে ii) জ্যেষ্ঠার ছেলেমেয়ে iii) পিসির ছেলেমেয়ে।

৪। খেলোয়ার হল – i) যে খেলা করে ii) যে পড়াশুনা করে iii) যে বই লেখে।

৫। গোলা-গুলি লাল হত – i) রঙ করার জন্য ii) পোড়ানোর জন্য iii) মাটির রঙের জন্য।